গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারীপুর সদর
http://sadar.madaripur.gov.bd

## "দরপত্র বিজ্ঞপ্তি"

মাদারীপুর সদর উপজেলাধীন ইউনিয়নসমূহে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৬ আশ্বিন, ১৪১৮ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ ও ১৮ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/০১ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০(অংশ-১)-৮৮ এবং ০৮ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮.৯৩ নং স্মারকমূলে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক বাংলা ১৪৩১ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত (সিডিউলে বর্ণিত/অফিসে সংরক্ষিত) শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নে উল্লিখিত তারিখসমূহে সীলমোহরযুক্ত খামে **"দরপত্র আহবান"** করা যাচ্ছে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবস অফিস চলাকালীন বিকেল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অত্র কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা/সহকারী কমিশনার(ভূমি) এর কার্যালয়, মাদারীপুর সদর/সোনালী ব্যাংক লিঃ, কুলপদ্দি শাখা, মাদারীপুর সদর ও মাদারীপুর সদর মডেল থানা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্রের সিডিউল ক্রয় করা যাবে। দরপত্রের সিডিউল দাখিলের নির্ধারিত ধার্য তারিখসমূহে অফিস চলাকালীন বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত অত্র কার্যালয়ে, সহকারী কমিশনার(ভূমি) এর কার্যালয়ে, পুলিশ সুপারের কার্যালয়ে ও জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় সংরক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং উক্ত দিন বিকেল ০৩.০০ ঘটিকায় দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

উল্লেখ্য, দরপত্র দাখিলের দিন কোন কারণে অফিস বন্ধ থাকলে পরের কার্যদিবসে দরপত্র দাখিল করা যাবে এবং উক্ত দিন বিকেল ০৩.০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।

**মাদারীপুর সদর উপজেলার হাট-বাজারের তালিকা ঃ**

| ক্রমিক নং | হাট বাজারের নাম | ইউনিয়ন | সরকারী মূল্য | সিডিউল মূল্য | সর্বসাধারণের জন্য সকল হাট-বাজারের ক্ষেত্রে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | মাদ্রা নতুন বাজার | ঝাউদি | ৬২,৭৮৭/- | ৫০০/- | ১ম বার ০৭-০২-২০২৪ খ্রিঃ<br>২য় বার ২৮-০২-২০২৪ খ্রিঃ<br>৩য় বার ১৩-০৩-২০২৪ খ্রিঃ<br>৪র্থ বার ০৩-০৪-২০২৪ খ্রিঃ |
| ০২ | মাদ্রা পুরান বাজার | -ঐ- | ৩,০০৩/- | ৫০০/- | |
| ০৩ | তালতলা হাট-বাজার | -ঐ- | ৪,৮৭৩/- | ৫০০/- | |
| ০৪ | হবিগঞ্জ হাট-বাজার | বাহাদুরপুর | ৭৮,৭৯৩/- | ৫০০/- | |
| ০৫ | নতুন রাজারহাট বাজার | -ঐ- | ৬১,০২১/- | ৫০০/- | |
| ০৬ | কালির বাজার | -ঐ- | ৪,০২৮/- | ৫০০/- | |
| ০৭ | হাউসদী পাতিলাদি হাট-বাজার | দুধখালী | ১২,১৯০/- | ৫০০/- | |
| ০৮ | ফরাজীর হাট-বাজার | ছিলারচর | ২,২৯,৪১৯/- | ১,২০০/- | |
| ০৯ | ছিলারচর হাট | -ঐ- | ৩,৭২,৪১৩/- | ১,৪০০/- | |
| ১০ | আঙ্গুল কাটা হাট-বাজার | -ঐ- | ১,৭০,৩০৭/- | ১,০০০/- | |
| ১১ | খেজুরতলা হাট-বাজার | -ঐ- | ৬২,৮৯৩/- | ৫০০/- | |
| ১২ | খোয়াজপুর টেকেরহাট | খোয়াজপুর | ৭,০১,৭২২/- | ২,২০০/- | |
| ১৩ | খোয়াজপুর মঠের বাজার | -ঐ- | ৮৫,১৭১/- | ৫০০/- | |
| ১৪ | মাথা ভাঙ্গা হাট-বাজার | -ঐ- | ৩,৭৬,৩০০/- | ১,৪০০/- | |
| ১৫ | খোয়াজপুর রাজার হাট | -ঐ- | ০ | ০/- | |
| ১৬ | উত্তর কলাগাছিয়া বাজার | কেন্দুয়া | ৬০,৫২৬/- | ৫০০/- | |
| ১৭ | ঘটকচর হাট-বাজার | -ঐ- | ৪,৯১১/- | ৫০০/- | |
| ১৮ | সমাদ্দার হাট-বাজার | -ঐ- | ৫,৭৪৩/- | ৫০০/- | |

চলমান পাতা-২

| ক্রমিক নং | হাট বাজারের নাম | ইউনিয়ন | সরকারী মূল্য | সিডিউল মূল্য | সর্বসাধারণের জন্য সকল হাট-বাজারের ক্ষেত্রে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ |
|---|---|---|---|---|---|
| ১৯ | টুবিয়া হাট-বাজার | ঘটমাঝি | ১০,৪২৩/- | ৫০০/- | ১ম বার ০৭-০২-২০২৪ খ্রিঃ<br>২য় বার ২৮-০২-২০২৪ খ্রিঃ<br>৩য় বার ১৩-০৩-২০২৪ খ্রিঃ<br>৪র্থ বার ০৩-০৪-২০২৪ খ্রিঃ |
| ২০ | মস্তফাপুর হাট-বাজার | মস্তফাপুর | ৪,৬০,৮৮৮/- | ১,৬০০/- | |
| ২১ | চরনাচনা হাট-বাজার | কালিকাপুর | ২৭,৮৬০/- | ৫০০/- | |
| ২২ | কুনিয়া হাট-বাজার | কুনিয়া | ২৮,৪২৪/- | ৫০০/- | |
| ২৩ | ত্রিভাগদি হাট-বাজার | -ঐ- | ১৩,৮৫১/- | ৫০০/- | |
| ২৪ | আদিত্যপুর হাট-বাজার | -ঐ- | ৮০৩/- | ৫০০/- | |
| ২৫ | পুরাতন রাজার হাট | শিরখাড়া | ৪,৮৯,৫৫৩/- | ১,৬০০/- | |
| ২৬ | শ্রীনদী হাট-বাজার | -ঐ- | ৬,৪৮,৩৮৪/- | ২,০০০/- | |
| | | মোট ঃ | ৩৯,৭৬,২৭৬/- | - | |

স্বাক্ষরিত/-
(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারীপুর সদর
ফোন ঃ ০২-৪৭৮৮১০৫০৬
unomsadar@gmail.com

স্মারক নং-০৫.৪১.৫৪৫৪.০০০.০৩.০১৫.২৪-৪১/১(৩০)

তারিখ ঃ ১১ মাঘ ১৪৩০ / ২৫ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

| | |
|---|---|
| ০১। জেলা প্রশাসক, মাদারীপুর। | সদয় অবগতির জন্য। |
| ০২। পুলিশ সুপার, মাদারীপুর। | ঐ |
| ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর। | ঐ |
| ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাদারীপুর। | ঐ |
| ০৫। মেয়র, মাদারীপুর পৌরসভা, মাদারীপুর। | ঐ |
| ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর। | ঐ |
| ০৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মাদারীপুর। | ঐ |
| ০৮। সহকারী কমিশনার (ভূমি), মাদারীপুর সদর। | বর্ণিত বিজ্ঞাপনটি বহুল প্রচারের অনুরোধ করা হলো। |
| ০৯। জেলা তথ্য অফিসার, মাদারীপুর। | ঐ |
| ১০। সাব-রেজিস্ট্রার অফিস, মাদারীপুর। | ঐ |
| ১১। উপজেলা ..................................................কর্মকর্তা, মাদারীপুর সদর। | ঐ |
| ১২। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ(সকল), মাদারীপুর সদর। | ঐ |
| ১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .............................ইউনিয়ন ভূমি অফিস (সংশ্লিষ্ট সকল), মাদারীপুর সদর। | সংশ্লিষ্ট হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বর্ণিত বিজ্ঞাপনটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল। |
| ১৪। সম্পাদক, দৈনিক সুবর্ণগ্রাম, মাদারীপুর।<br>১৫। সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ, ৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধারা আর/এ, বাড়িধারা, ঢাকা-১২২৯ | বর্ণিত দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার পত্রিকায় আগামী ২৯ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো। |
| ১৬। জনাব ................................................., সাবেক ইজারাদার<br>.................................................................... হাট-বাজার<br>গ্রাম ঃ ...................................., পোষ্ট ঃ .......................<br>উপজেলা ও জেলা ঃ মাদারীপুর সদর। | অবগতি ও কার্যার্থে। |

উপজেলা নির্বাহী অফিসার
মাদারীপুর সদর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারীপুর সদর
http://sadar.madaripur.gov.bd

## বাংলা ১৪৩১ সালের জন্য হাট-বাজার ইজারার প্রযোজ্য শর্তাবলী ঃ

০১। মাদারীপুর সদর উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদকালের জন্য অস্থায়ীভাবে হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০%(শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দারপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দাখিল করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/-(দুইশত পঞ্চাশ টাকা মাত্র) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখ্য, যে সব হাট-বাজার গরুর হাট হিসাবে উল্লেখ নেই, সেই সব হাট-বাজারে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে গরু বিক্রয় করা যাবে না। গরু বিক্রয় করেছেন মর্মে অভিযোগ পাওয়া গেলে, সংশ্লিষ্ট ইজারাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক তার ইজারা বাতিল করা হবে।

(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারীপুর সদর
unomsadar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারীপুর সদর
http://sadar.madaripur.gov.bd

## "দরপত্র বিজ্ঞপ্তি"

মাদারীপুর সদর উপজেলাধীন নিম্নবর্ণিত "নৌকা/লঞ্চ/ট্রলারসমূহ" স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত ০৬ বৈশাখ, ১৪১০ বাংলা/১৯ এপ্রিল, ২০০৩ খ্রিঃ তারিখের প্রজেই-২/ফ-১/০৩/ ২৬২(৫২৭২)নং স্মারকের ১(গ)তে বর্ণিত নির্দেশনা মোতাবেক বাংলা ১৪৩১ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত ১ম বার আগ্রহী জন্মগত পেশাদার পাটনীগণের নিকট হতে আগামী ০৭-০২-২০২৪ খ্রিঃ তারিখ বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত এবং উক্ত তারিখে জন্মগত পেশাদার পাটনী পাওয়া না গেলে নিম্নে উল্লিখিত পরবর্তী ধার্য তারিখসমূহের ক্ষেত্রে আগ্রহী পেশাদার পাটনীসহ সর্বসাধারণের নিকট হতে অফিস চলাকালীন বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত (সিডিউলে বর্ণিত/অফিসে সংরক্ষিত) শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত খামে "দরপত্র" আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসে অফিস চলাকালীন বিকেল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অত্র কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা/জেলা পরিষদ, মাদারীপুর হতে নির্ধারিত মূল্য (অফেরতযোগ্য) প্রদানে দরপত্রের সিডিউল ক্রয় করা যাবে। দরপত্রের সিডিউল ক্রয়ের পর নির্ধারিত ধার্য্য তারিখসমূহে অফিস চলাকালীন সময় বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত অত্র কার্যালয়ে সংরক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং উক্ত দিন বেলা ০৩.০০ ঘটিকায় দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

উল্লেখ্য, দরপত্র দাখিলের দিন কোন কারণে অফিস বন্ধ থাকলে পরের কার্যদিবসে দরপত্র দাখিল করা যাবে এবং উক্ত দিন বিকেল ০৩.০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।

মাদারীপুর সদর উপজেলাধীন "নৌকা/লঞ্চ/ট্রলার/খেয়াঘাট" এর তালিকা ঃ

| ক্রমিক নং | ঘাটের নাম | ইউনিয়ন | সরকারী মূল্য | সিডিউল মূল্য | জন্মগত পেশাদার পাটনীর জন্য | পাটনীসহ সর্বসাধারণের জন্য দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম বারের তারিখ | সকল ঘাটের জন্য নিম্নবর্ণিত তারিখ প্রযোজ্য |
| ০১. | পশ্চিম মহিষেরচর গ্রোইন সংলগ্ন নৌকা/ ট্রলারঘাট | পাঁচখোলা | ২৩,৭৩৩/- | ৫০০/- | ০৭-০২-২০২৪ খ্রিঃ দুপুর ০১.০০ টা পর্যন্ত | ১ম বার ০৭-০২-২০২৪ খ্রিঃ<br>২য় বার ২৮-০২-২০২৪ খ্রিঃ<br>৩য় বার ১৩-০৩-২০২৪ খ্রিঃ<br>৪র্থ বার ০৩-০৪-২০২৪ খ্রিঃ<br>দুপুর ০১.০০ টা পর্যন্ত |
| ০২. | কাজীরটেক নৌকা/লঞ্চ/ট্রলার/খেয়াঘাট | পাঁচখোলা | ৩৪,৫১৭/- | ৫০০/- | | |
| ০৩. | মস্তফাপুর নৌকা/ ট্রলারঘাট | মস্তফাপুর | ১,১৬,৮৩৯/- | ১,০০০/- | | |
| ০৪. | শ্রীনদী নৌকা/ট্রলার/ খেয়াঘাট | শিরখাড়া | ০ | ০ | | |

(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারীপুর সদর
ফোন ঃ ০২-৪৭৮৮১০৫০৬
unomsadar@gmail.com

চলমান পাতা-২

১১ মাঘ ১৪৩০
তারিখ ঃ ২৫ জানুয়ারি ২০২৪

স্মারক নং-০৫.৪১.৫৪৫৪.০০০.০৩.০০৬.২২-৪০/১(৩০)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

| | |
|---|---|
| | সদয় অবগতির জন্য। |
| ০১। জেলা প্রশাসক, মাদারীপুর। | ঐ |
| ০২। পুলিশ সুপার, মাদারীপুর। | ঐ |
| ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর। | ঐ |
| ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাদারীপুর। | ঐ |
| ০৫। মেয়র, মাদারীপুর পৌরসভা, মাদারীপুর। | ঐ |
| ০৬। সিভিল সার্জন, মাদারীপুর। | ঐ |
| ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর। | ঐ |
| ০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মাদারীপুর। | ঐ |

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

| | |
|---|---|
| ০৯। সহকারী কমিশনার (ভূমি), মাদারীপুর সদর। | বর্ণিত বিজ্ঞাপনটি বহুল প্রচারের অনুরোধ করা হলো। |
| ১০। জেলা তথ্য অফিসার, মাদারীপুর। | ঐ |
| ১১। সাব-রেজিস্ট্রার অফিস, মাদারীপুর। | ঐ |
| ১২। পোষ্ট মাষ্টার, প্রধান ডাকঘর, মাদারীপুর। | ঐ |
| ১৩। উপজেলা ........................................................কর্মকর্তা মাদারীপুর সদর। | ঐ |
| ১৪। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ(সকল) মাদারীপুর সদর। | ঐ |
| ১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..............................ইউনিয়ন ভূমি অফিস (সংশ্লিষ্ট সকল), মাদারীপুর সদর। | সংশ্লিষ্ট হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বর্ণিত বিজ্ঞাপনটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো। |
| ১৬। সচিব, ................................ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট সকল) মাদারীপুর সদর। | ঐ |
| ১৭। সম্পাদক, দৈনিক সুবর্ণগ্রাম, মাদারীপুর।<br>১৮। সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ, ৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধারা আর/এ, বাড়িধারা, ঢাকা-১২২৯ | বর্ণিত দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার পত্রিকায় আগামী ২৯ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হলো। |
| ১৯। জনাব ......................................., সভাপতি/সেক্রেটারী/পুরাতন ইজারাদার, ...................................... নৌকা/লঞ্চ/ট্রলারঘাট গ্রাম ঃ ................................, পোষ্ট ঃ ........................ উপজেলা ও জেলা ঃ মাদারীপুর সদর। | অবগতি ও কার্যার্থে। |

উপজেলা নির্বাহী অফিসার
মাদারীপুর সদর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারীপুর সদর।
http://sadar.madaripur.gov.bd

## বাংলা ১৪৩১ সালের জন্য প্রযোজ্য নৌকা/লঞ্চ/ট্রলারঘাট ইজারার শর্তাবলী ঃ

০১। মাদারীপুর সদর উপজেলাধীন নৌকা/লঞ্চ/ট্রলারঘাটসমূহ বাংলা ১৪৩১ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্রে উল্লিখিত ফেরীঘাট/খেয়া/ট্রলারঘাটসমূহ বাংলা ১৪৩১ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা গ্রহণের লক্ষ্যে ঠিকাদার কর্তৃক দাখিলকৃত দরপত্রের সাথে ফেরীঘাটের সর্বশেষ নীতিমালা অনুযায়ী দরদাতাকে জন্মগত পেশাদার পাটনী সম্পর্কে স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করতঃ সংশ্লিষ্ট সহকারী কমিশনার(ভূমি) কর্তৃক প্রতিস্বাক্ষরান্তে সংযুক্ত করতে হবে।

০৩। ১ম বার দাখিলকৃত দরপত্র নীতিমালা অনুসারে গ্রহণযোগ্য না হলে পরবর্তী ধার্য তারিখসমূহে সকলের জন্য উম্মুক্ত থাকবে।

০৪। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসে অফিস চলাকালীন বিকেল ০৪.০০ ঘটিকা পর্যন্ত সিডিউলের নির্ধারিত মূল্য (অফেরতযোগ্য) প্রদানে অত্র কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর স্থানীয় সরকার শাখা/জেলা পরিষদ, মাদারীপুর হতে দরপত্রের সিডিউল ক্রয় করা যাবে।

০৫। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

০৬। অত্র কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে নির্ধারিত ধার্য্য তারিখসমূহে অফিস চলাকালীন সময় বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। কোন প্রকার ঘষা- মাজা, কাটা-ছেড়া, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। দরপত্রের সাথে দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর এর অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। উক্ত জামানতের ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ সংরক্ষিত থাকবে।

০৮। ইজারা মূল্য যা হোক না কেন, ইজারা মূল্যের উপর প্রযোজ্য ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে আয়কর পরিশোধ করতে হবে।

০৯। দরপত্রের সাথে কাষ্টমস্ এক্সাইজ ও ভ্যাট, মাদারীপুর কার্যালয় হতে মূল্য সংযোজন কর(মূসক) নিবন্ধীকরণ পত্র এবং আয়কর প্রদানের হালনাগাদ সনদ সংযুক্ত করতে হবে।

১০। দরপত্র দাতার দরপত্র গৃহীত হলে তাকে ০৩(সাত) কার্যদিবসের মধ্যে অবহিত করানো হবে এবং অবহিত করানোর পর পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট সমুদয় ইজারা মূল্য, ভ্যাট ১৫% ও আয়কর ১০% অর্থ বিধি মোতাবেক চালান যোগে পরিশোধ করতে হবে।

১১। সমুদয় ইজারা মূল্য পরিশোধ করার পর কর্তৃপক্ষের সাথে ঘাটের অবস্থান উল্লেখ পূর্বক ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন্-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১২। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত ঘাট অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। দরপত্রের শর্ত ভঙ্গ করে যদি সাব-লীজ প্রদান করেছেন মর্মে অভিযোগ পাওয়া যায়, তা হলে ঐ ইজারাদারের ইজারা বাতিল করা হবে এবং ইজারা ও জামানতের অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

১৩। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টোল রেইট সংশ্লিষ্ট ইজারাদার নিজ দায়িত্বে সর্বসাধারণের জ্ঞাতার্থে ফেরীঘাট/খেয়াঘাটে প্রকাশ্য স্থানে লটকিয়ে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্ছ দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। তবে প্রাথমিকভাবে সর্বোচ্ছ দর আশানুরূপ না হলে তা গ্রহণ করা বা না করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণ পূর্বক পুনঃ দরপত্র আহবান করার ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

১৫। এক ঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য ঘাটের ক্ষেত্রে প্রযোজ্য/বিবেচিত হবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

১৬। প্রত্যেক ঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে।

১৭। দুই বা ততোধিক দরপত্রদাতার সর্বোচ্চ দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১৮। সংশ্লিষ্ট কমিটি কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারাদার কর্তৃক দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯। হাট-বাজার ইজারার অর্থ সরকারী দাবী অনুযায়ী আদায়ের নিমিত্ত ইজারাদারের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা রুজু করা যাবে।

২০। শর্তে বর্ণিত হয়নি এমন কোন শর্ত সরকারী/জনস্বার্থে সংযোজন/পরিবর্ধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১। কোন প্রকার কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারীপুর সদর